মেহেরপুর পৌর মেয়রের উদ্যোগে প্রতিবন্ধী কে হুইলচেয়ার ও খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এর উদ্যোগে পৌর ৪ নং ওয়ার্ড মাঠপাড়ার মোহাম্মদ আলীর প্রতিবন্ধী মেয়েকে হুইলচেয়ার প্রদান করা হয়েছে।

দীর্ঘদিন মানবেতর জীবনযাপন করার পর অবশেষে মেয়রের আশীর্বাদে চলাচলের মাধ্যম হিসেবে হুইলচেয়ার পেয়ে অনেক খুশি তার পরিবার।

পরে শহরের ৭ নং ওয়ার্ডে অসহায় কর্মহীন মানুষের মাঝে খাদ্য সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে প্রদান করেন ময়র রিটন৷

মঙ্গলবার বিকেলে অন্যান্যদিনের মত ধারাবাহিকভাবে প্রায় ৩শ পরিবারের হাতে খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয়।

এ পর্যন্ত প্রায় মেহেরপুর পৌরসভার উদ্যোগে ৮হাজার পরিবারের কাছে খাদ্য পৌছেছে।

এই খাদ্য সামগ্রী বিতরণ আগামীতেও অব্যাহত থাকবে বলে জানান পৌর মেয়র মোঃ মাহফুজুর রহমান রিটন।

ত্রাণ বিতরণে সহযোগিতা করেন, প্যানেল মেয়র রিটন, ৭নং ওয়ার্ড কাউন্সিলর রাজীব প্রমুখ।

মেপ্র/এমএফআর

পৌরসভার উদ্যোগে করোনা

ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও জীবাণুনাশক স্প্রে

পৌরসভার উদ্যোগে করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও জীবাণুনাশক স্প্রে করা হয়েছে। গতকাল সোমবার সকালের দিকে মেহেরপুর পৌরসভা চত্বর থেকে জীবাণুনাশক স্প্রে করণ শুরু করা হয়।

পরে পৌরসভার কর্মীরা মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়কে জীবাণুনাশক স্প্রে করে।

এর আগে পৌর মেয়র সর্বসাধারণের দৃষ্টি আকর্ষণ করে বলেন, “করোনাভাইরাস কে কেউ অবহেলার দৃষ্টিতে দেখবেন না। অযথা কেউ বাড়ির বাইরে বের হবেন না।”

রাতের আধারে খাবার পৌঁছে দিচ্ছেন মেহেরপুর পৌর মেয়র

করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ঠেকাতে মেহেরপুর পৌরসভার উদ্যোগে পৌরসভার কর্মহীন মানুষের বাড়িতে বাড়িতে রাতের আধারে খাবার সামগ্রী পৌছে দিচ্ছেন পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন।

প্রতিদিন রাতে একেকটি ওয়ার্ডের কর্মহীন পরিবারগুলোর বাড়ি বাড়ি গিয়ে খাবার সামগ্রী তুলে দিচ্ছেন। গতকাল শুক্রবার রাতে ১ নং ওয়ার্ডে ৩৫০ টি পরিবারে খাদ্য পৌঁছে দিয়েছেন।

এসময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, আমার পৌর এলাকায় কেউ না খেয়ে অনাহারে থাকবে না। পৌরসভা সকল অসহায় কর্মহীন মানুষের পাশে থাকব আমি। সরকারের পাশাপাশি আমরা আপনার বাড়িতে পৌছে দেব খাবার সামগ্রী।

এসময় উপস্থিত ছিলেন পৌর কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন, শাকিল রাব্বি ইভান, সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পি, যুবলীগ নেতা সোহেল

রানা, শেখ সরাফত, শাহজাহান আলী, প্রমুখ।

রাতের আধারে খাবার পৌছে দিচ্ছেন মেহেরপুর পৌর মেয়র

করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ঠেকাতে মেহেরপুর পৌরসভার উদ্যোগে পৌরসভার কর্মহীন মানুষের বাড়িতে বাড়িতে রাতের আধারে খাবার সামগ্রী পৌছে দিচ্ছেন পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন।

প্রতিদিন রাতে একেকটি ওয়ার্ডের কর্মহীন পরিবারগুলোর বাড়ি বাড়ি গিয়ে খাবার সামগ্রী তুলে দিচ্ছেন।

এসময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, আমার পৌর এলাকায় কেউ না খেয়ে অনাহারে থাকবে না। পৌরসভা সকল অসহায় কর্মহীন মানুষের পাশে থাকব আমি। সরকারের পাশাপাশি আমরা আপনার বাড়িতে পৌছে দেব খাবার সামগ্রী।

এসময় উপস্থিত ছিলেন পৌর কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন, শাকিল রাব্বি ইভান, সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পি, যুবলীগ নেতা সোহেল রানা, শেখ সরাফত, শাহজাহান আলী, প্রমুখ।

মেহেরপুর পৌরসভার টিএলসিসি কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুর পৌরসভার টিএলসিসি কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুর দেরটার দিকে এ সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে প্রধান

অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

অনান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলী, কাউন্সিলর আল মামুন, সচিব তৌফিকুর রহমান, যুব লীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান প্রমুখ।

মেহেরপুর পৌরসভায় আন্তর্জাতিক নারী দিবস পালন

মেহেরপুর পৌরসভার উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে একটি আলোচনা সভা ও র্যালীর আয়োজন করা হয়। বরিবার সকাল সাড়ে ১০ টার সময় মেহেরপুর পৌরসভা প্রাঙ্গণে এ সভা অনুষ্ঠিত হয়।

এ সময় পৌর মেয়র বলেন, আজ নারীরা শুধু ঘরের রান্না-বান্নাই করে না, তারা বর্তমানে দেশের বিভিন্ন উন্নয়ন মূলক কাজে সক্রিয়ভাবে অংশ করছেন।

তিনি আরও বলেন, একটি পরিবারের মা’ই হচ্ছে সব চেয়ে বড় শিক্ষক ও অবিভাবক, একটি সন্তান কে কি ভাবে লালন পালন করে একটি ভালো পর্য়ায়ে নিয়ে যেতে পারে তার শিক্ষা মায়ের কাছ থেকেই পেয়ে থাকেন। মা’ই পারে একটি সন্তান কে আদর্শবান করে গড়ে তুলতে পারে।

এর আগে মেহেরপুর পৌরসভা প্রাঙ্গণ থেকে একটি র্যালী বের হয়ে শহর প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন কাউন্সিলর আল মামুন, নরুল আশরাফ রাজিব, আব্দুল্লাহের বাপ্পি, সচিব তৌফিকুল আলম প্রমুখ।

মেপ্র/আরপি